

পরিচিতি

www.motaher21.net

আসসালামুয়ালাইকুম।

মুহতারাম,

মহান আল্লাহ তায়ালা শুকরিয়া জানাই, আল হাম দু লিল্লাহ।

শুধু ১ টি কোটেসান বলা হয়ত সুন্দর ও আকর্ষণীয়।

কিন্তু তাতে মানুষ পুরো বিষয়টি বুঝতে পারে না।

তাই চেষ্টা করছি মূল বিষয় যাতে সবাই বুঝতে পারে।

এতে আমি কম-বেশি এক ডজন (+/-) তাফসীর সহযোগিতা নিচ্ছি।

যেমন:- ইবনে কাসীর, ফী যিলালিল কুরআন, তাফহীমুল কুরআন, কুরআনুল কারীম,

মাও: আশরাফ আলী, আবুবকর যাকারিয়া, আহসানুল বায়ান, তাফসীরে ফাতহুল মাজীদ।

English Tafsir Ibn Kathir, The Noble Quran.....

আসসালামুয়ালাইকুম।

দোস্ত তোমরা কয়েকজন হয়তো বুঝতে পারছো!!

কিন্তু অনেকেই বুঝতে পারছে না।

আমি ধারাবাহিক কুরআন শরীফ এর আলোচনা করছি।

বাংলা, English এবং عرب তিন ভাষায় লিখিত।

তাই একটু সময় দিতে হবে। এবং একটু লম্বা হতে পারে।

যেন আমাদের ছেলেমেয়েরা ও সবাই মিলে বুঝতে পারে।

তোমরা নিজেদের অবস্থান ও সময় মত সবাই দেখতে পাবে। ইনশাআল্লাহ।

পারা- ১ =>

১) সূরা ফাতিহা,

২) সূরা বাকারা,

৩) সূরা আলে ইমরান,

৪) সূরা নিছা,

৫) সূরা মায়েদা,

৬) সূরা আল আনআম,

৭) সূরা আল আরাফ,

৮) সূরা আল আন ফাল,

৯) সূরা আত তাওবা,

১০) সূরা ইউনুস

১১) সূরা হুদ

১২) সূরা ইউসুফ

১৩) সূরা রাদ

১৪) সূরা ইব্রাহিম

১৫) সূরা হিজর

১৬) সূরা নহল

১৭) সূরা বনি ইসরাইল

১৮) সূরা আল-কাহাফা।

১৯) সূরা মরিয়ম।

২০) সূরা ط

২১) সূরা আম্বিয়া

২২) সূরা হাজ্জ।

২৩) সূরা মুমিনুন

২৪) সূরা নুর

২৫) সূরা ফুরকান

২৬) সূরা শুআরা

২৭) সূরা নমল

২৮) সূরা ক্বআসআস

২৯) সূরা আনকাবুত

৩০) সূরা রুম

৩১) সূরা লুকমান

৩২) সূরা সাজদআহ

৩৩) সূরা আহকাব

৩৪) সূরা সাবা

৩৫) সূরা ফাতের

৩৬) সূরা ইয়াসিন

৩৭) সূরা সাফ্ফাত

৩৮) সূরা:সোয়াদ

৩৯) সূরা: যুমার

৪০) আল-মু'মিন

৪১) হামীম আস-সআজদআহ

৪২) আশ-শূরা

৪৩) সূরা যুখরুফ

৪৪) সূরা দুখান

৪৫) সূরা জাসিয়া (পাড়া - ২৫ =>)

ধারাবাহিক কুরআন এর আলোচনা করা হচ্ছে...এর আগেও সুরা হুজরাত(৪৯)
সুরা সফ (৬১), সুরা মুজাম্মাল (৭৩), সুরা আসর (১০৩) وَالْعَصْرَا
সুরা: আল-মাউন (১০৭) الْمَاعُونِ ইত্যাদি আরো কয়েকটি সুরা আলোচনা করা হয়েছে।

আমার প্রকাশের অপেক্ষায় ৪টি বই কেন আপনি ছাপাবেন ইনশাআল্লাহ :-

- ১) আল্ হাম্ দু লিল্লাহ, আমি এখন পর্যন্ত ১১১৯ টি বই লিখেছি।
- ২) এখন পর্যন্ত ছাপানো হয়েছে ১৩ টি বই।
- ৩) Durban R S A থেকে অসববফ Hossen Deedat জাকির নায়েকের উস্তাদ (২০০৪ সালে) প্রকাশ করেছেন। তিনি এই বইগুলো ৫৬ টি দেশে পাঠিয়ে ছিলেন।
- ৪) ওয়ার্ল্ড এসেম্বলি অব মুসলিম ইয়ুথ (ওয়াম) ২০০৭ সালে প্রকাশ করেছেন। ৩য়মী বই পরিচি ২৬।
- ৫) Australian Islamic Library ২০১৫ সালে প্রকাশ করেছেন
- ৬) কুরআন এর আলোকে আমাদের প্রতি দিন কেমন কাজকর্ম করতে হবে এই বিষয়ে বলা হয়েছে।
“আমাদের ২৪ ঘন্টার কর্মসূচি ঘুম থেকে কাজ উত্তম” মার্চ - ২০২৪ ইং
এই বইতে পাঠকগণ ইনশাআল্লাহ বুঝতে পারবেন।
- ৭) এই পর্যন্ত কম বা বেশি ১১ লক্ষ (+/-) বই বিতরণ বা বিক্রয় করা হয়েছে।
বই ৪টি পছন্দ করেছি :- আমার লেখা ১১০১ টি বই এর মধ্যে এগুলো সর্ব উত্তম ৫টি।
প্রকাশিতব্য বই ৪টি ছাপানো হলে আমি ইনশাআল্লাহ ১০০০ এক হাজার বই ক্রয় করবো।
- ১) আমরা অনেকেই আল্লাহ তায়ালা কে ভালোবাসার দাবি করি।
আর আখেরাতে নাজাত পেতে হলে অবশ্যই আল্লাহকে বাস্তব জীবনে ভালোবাসতে হবে।
“আল্লাহকে কতটুকু ভালোবাসি”? এই বইতে সেটা সুন্দর করে বুঝিয়ে দেয়া হয়েছে।
- ২) আল্লাহ তায়ালা আমাদেরকে বার বার বলেছেন যে আমাদের সঠিক কথা বলতে হবে,
সঠিক কাজটি করতে হবে। “এমন কথা কেন বল?”
এই বইতে পাঠকগণকে সেটা সুন্দর করে বুঝিয়ে দেয়া হয়েছে।
- ৩) সুরা বনি ইসরাইলে ২৩ নং আয়াত থেকে ৩৯ নং আয়াত পর্যন্ত (৩ তৃতীয় রুকু ও
৪ চতুর্থ রুকু তে) বিস্তারিত আলোচনা করেছেন :- আমাদের সমাজ ও জীবন কিভাবে
পরিচালিত করা দরকার ! এই বিষয়ে চমৎকারভাবে বলেছেন।
“আপনার প্রতিপালক নির্দেশ দিয়েছেন” বইতে সুন্দর করে বুঝিয়ে দেয়া হয়েছে।
- ৪) “ইসলামের বিজয়” বইটিতে ক) আমাদের অধ্যয়ন, খ) বই পড়া ও বিতরণ
গ) মুমিন, কাফের, মুনাফীক ও মানুষ ঘ) লেনদেন। ঙ) ২৪ ঘন্টার রুটিন।
চ) ইসলামের বিজয় কি ভাবে করা যাবে। ছ) আল্লাহকে ভালোবাসা
জ) আন্তর্জাতিক বিশ্বে দাওয়াত। এই সকল বিষয়ে আলোচনা করা হয়েছে।
তাই এটা অবশ্যই পড়া প্রয়োজন। আমরা সবাই ইনশাআল্লাহ নিজে পড়ব, অন্যকেও
পড়তে উৎসাহিত করব।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ
أَصَالَخَيْرُ مِّنَا النُّؤْمِ

আমাদের ২৪ ঘন্টা রুটিন ও ঘুম থেকে নামাজ উত্তম

ইঞ্জিনিয়ার মুহাম্মদ মোতাহার হোসাইন

www.motaher21.net

অনুমতির প্রয়োজন নেই

যে কোন মুসলিম সংস্থা অথবা ব্যক্তি এই বই যে কোন মাধ্যমে, যে কোন ভাষায়, কোন প্রকার পরিবর্তন ছাড়া এবং কোন পূর্ব অনুমতি ছাড়া বিক্রয় অথবা বিনামূল্যে বিতরণের জন্য প্রকাশ করতে পারেন। আমরা শুধুমাত্র অবগতির জন্য কয়েকটি প্রকাশিত কপি পেলে ধন্য হবো। -প্রকাশক

আমাদের ২৪ ঘন্টা রুটিন ও ঘুম থেকে নামাজ উত্তম ইঞ্জিনিয়ার মুহাম্মদ মোতাহার হোসাইন	Daily 24 Hours Routine & Prayer (Salat) is better than sleep Engineer Md. Motaher Hossain
প্রকাশকাল: প্রথম প্রকাশ : মার্চ' ২০২৪ হিজরী রমজান ১৪৪৫	Edition: First Edition : March 2024 Arabic Hizri 1445
শুভেচ্ছা মূল্য : ৫৭.০০ টাকা মাত্র	
আপনাদের দোয়া ও সহযোগিতা কামনা করছি বিকাশ নম্বর : ০১৮৮৩ ৩৮৫৮০০ (মোতাহার হোসাইন) ব্যাংক একাউন্ট : ২০৫০২৭৬০২০০৩০৬০১২ মোতাহার হোসাইন ও নাফিসা ইয়াসমীন, গুলশান শাখা-১, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	

ভূমিকা

أَصَلَّةٌ خَيْرٌ مِنَ النَّوْمِ

আমাদের ২৪ ঘন্টা রুটিন ও ঘুম থেকে নামাজ উত্তম

Daily 24 Hours Routine & Prayer (Salat) is better than sleep.

প্রতিদিন ভোরে ফজরের আযানে "আসসালাতু খাইরুম মিনান্নাওম" শুনে ঘুম থেকে উঠি।

The whistle blow "Revelling" and everyone is wake up.

An academy-cadet or Army person starts the day.

প্রতিদিন এভাবেই আমাদের দিনের কাজ শুরু হয়। অনুরূপভাবে একজন মুমিন অর জীবন মুত্তাকী তথা আল্লাহর অনুগত বান্দাহ হিসেবে প্রতিটি মুহূর্ত কাজে লাগায়।

আল্লাহ রাব্বুল আলামীন পবিত্র কুরআনের সূরা মুজ্জাম্মিলে (৭৩) এর উপর একটি চমৎকার আকর্ষণীয় বর্ণনা দিয়েছেন, (১-৭) নং আয়াতে বিস্তারিত ভাবে বলেছেন। শুরুতেই রসূল (সঃ) কে সুন্দরভাবে সম্বোধন করে আহবান করা হচ্ছে জীবনটা শুধু ঘুমিয়ে কাটানোর জন্য নয়। রাতের অর্ধেক তোমার বিশ্রামের জন্য রেখে বাকীটুকু আল্লাহর ইবাদাতের জন্য নির্ধারিত কর। শুধু তাই নয় সারাদিন ও কঠোর পরিশ্রমের নির্দেশনা দিয়েছেন এবং ২০ নং আয়াতে আরো বিস্তারিত বলে দেয়া হয়েছে। অসুস্থি বা সমস্যা থাকলে এর ব্যতিক্রম হতে পারে। কিন্তু খুবই আশ্চর্য বিষয় কুরআনের অকাট্য নির্দেশ পাওয়ার পরও আমাদের অবস্থা কি? কথা ছিল মুসলিমরাই হবে সব চেয়ে বেশি পরিশ্রমি হবে। কিন্তু বাস্তবতা কী? পরিশ্রম প্রিয় মানুষ। কিন্তু বাস্তবতা অত্যন্ত দুঃখজনক যে আমরা বিভিন্ন ছল চাতুরীর মাধ্যমে, কঠিন পরিশ্রম না করার বাহানা খুঁজি। কুরআনের সুস্পষ্ট ঘোষণা - রাত ও দিন কঠোর পরিশ্রম করা আমাদের জন্য ফরজ।

রসূল (সঃ) বলেছেন যে যতদিন আমরা কুরআন ও সুন্নাহকে আঁকড়ে ধরব ৩০দিন পথভ্রষ্ট হবনা। আসুন আমরা কুরআন এর সঠিক অনুসরণের মাধ্যমে দুনিয়া ও আখিরাতের কল্যাণ লাভ করি। আল্লাহরব্বুল আলামীন আমাদের তাওফীক দিন আমীন।

ইঞ্জিনিয়ারঃ মুহাম্মদ মোতাহার হাসাইন

www.motaher21.net

হে কম্বল মুড়ি দিয়ে শয়নকারী ।

يَا أَيُّهَا الْمُرْتَلُّ ﴿١﴾

পারা-২৯

সূরা-৭৩: ১ এ কথা সত্য যে, রসূল (সা) ভালোভাবেই বুঝতে পেরেছিলেন যে, তাঁর আর ঘুম পাড়ার অবকাশ নেই, তাঁর ঘাড়ে বিরাট দায়িত্বের বোঝা চেপেছে। তাঁর সামনে রয়েছে এক সুদীর্ঘ সংগ্রাম। জিবরাঈল-এর সেই ডাক শোনার পর তাঁর জন্যে অপেক্ষা করছে শুধুই জাগরণ, কঠোর প্রিশ্রম ও অক্লান্ত চেষ্টা সাধনা। সেই ডাক ঘুমাতে দেবে না। তাঁকে তার রসূল (সা.)-কে বলা হলো, 'ওঠো, তিনি উঠলেন। তারপর বিশ বছরেরও বেশী কাল ধরে তিনি উখিতই রইলেন। অর্থাৎ কোনো বিশ্রাম নিতে পারলেন না, স্থির হতে পারলেন না, নিজের জন্যে বা নিজের পরিবারে জন্যে এক মূহূর্ত শান্তভাবে জীবন উপভোগ করতে পারলেন না। আল্লাহ তায়ালা তায়ালা সূরার প্রথম ৭ আয়াতে তা তাকে এভাবেই জীবন যাপনের নির্দেশ দিয়েছেন। যেমন, 'হে কম্বলচ্ছাদিত। ওঠো, রাত্রি জাগরণ কর, তবে অল্প কিছু অংশ বাদে...' এভাবে রসূল (সা) বিশটি বছর কাটিয়ে দিলেন। এ সময়ের ভেতরে কোনো ক্ষেত্রেই এবং কোনো অবস্থাতেই তিনি বিন্দুমাত্র শৈথিল্য দেখাননি। ওহীর প্রথম দিন থেকেই তিনি তাঁর এই অক্লান্ত সাধনা অব্যাহত রাখেন সূরাটি তার উভয় অংশের সম্মিলিত রূপ নিয়ে সাময়িকভাবে ইসলামী আন্দোলনের ইতিহাসের একটি অধ্যায়কে এর গুরু হয়েছে আল্লাহর পক্ষ থেকে এক স্নেহময় সম্বোধন ও একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব সমর্পণের মধ্য দিয়ে তারপর রাত্রি জেগে নামায পড়া, কুরআন তেলওয়াত করা, একাগ্রচিত্তে আল্লাহকে স্মরণ করা, একমাত্র আল্লাহর উপর নির্ভর করা, দুঃখ কষ্ট ও নিপীড়নের ওপর ধৈর্য অবলম্বন, প্রত্যাখ্যানকারীদেরকে ভালোভাবে পরিত্যাগ করা এবং তাদেরকেও মহাপরাক্রমশালী আল্লাহর কাছে একা ছেড়ে যে দেয়া, যাতে তিনি তাদেরকে সমুচিত শিক্ষা দিতে পারেন এই সব বিষয় সূরায় অন্তর্ভুক্ত হয়েছে। অবশেষে সূরার উপসংহার নিশ্চয় আল্লাহ দয়ালু ও ক্ষমাশীল' এই প্রশান্ত ও বক্তব্যের মধ্য দিয়ে এ সূরার উভয় রুকুতে রসূল (সাঃ) এর প্রিয় ও আল্লাহর মনোনীত সেই আদর্শ সংগ্রামে দলটির মহৎ গুণাবলী চেষ্টা সাধনা ও প্রশংসা করা হয়েছে। পথভ্রষ্ট মানব জাতিকে আল্লাহর পথে ফিরিয়ে আন দুঃখ কষ্টে ধৈর্যধারণ, প্রবৃত্তির বিরুদ্ধে সংগ্রাম, পার্থিব স্বার্থের মোহমুক্ত থাকা, প্রভৃতি মহৎ গুণাবলীতে তারা ভূষিত ছিলেন 'হে কম্বলচ্ছাদিত।

ওঠো' মহাশক্তিধর ও মনপরাক্রান্ত আল্লাহ তায়ালা নির্দেশ দিচ্ছেন যে, ওঠো; অর্থাৎ যে সুরুদায়িত্ব তোমার ও জন্যে অপেক্ষা করছে, পালনের জন্যে জাখত হত। অক্লাস্ত চেষ্টা ও কঠোর পরিশ্রম করার জন্যে ওঠো। ঘুম ও বিশ্রামের সময় আর নেই, ওঠো, এই দায়িত্বের জন্যে প্রস্তুতি নাও এটি একটি গুরুতর উক্তি। এ উক্তি দ্বারা রসূল (সা)-কে তাঁর আবাসী বিছানা থেকে তুলে নিয়ে কষ্টকর সংগ্রামের কণ্টকাকীর্ণ রাজপথে নিয়ে দাঁড় করানো হয়েছে। মানুষের হৃদয়ের অভ্যন্তরে একং বহির্ভাগের বাস্তব কম কর্মক্ষেত্রে সমান ভাবে সংগ্রাম পরিচালানার জন্যে তাঁকে তাঁর সুখের ঘর থেকে টেনে নিয়ে যাওয়া হয়েছে যে ব্যক্তি শুধু নিজের জন্যে জীবন ধার করে, তার পক্ষে সুখ-শান্তির মধ্যে জীবন কাটানো সম্ভব হতেও পারে, সে নগন্য ছেছ মানুষ হিসেবেই বাঁচে একং নান্য অবস্থাতেই মারা যায়। কিন্তু পৃথিবীতে যে ব্যক্তি বড় ও মহৎ হয় এবং বড় দায়িত্ব গ্রহণ করে তার ঘুম আসে কি করে? তার বিশ্রামের অবকাশ কোথায়? আরামদায়ক বিছানার সাথে তার কিসের সম্পর্ক? আদেশ জীবন যাপন তার কিভাবে সম্ভব? বিলাসী ও আয়েশী আসবাবপত্র সে পাবে কোথায়? এই বাস্তবতা রসূল (সা) বুঝতে পেরেছিলেন। তাই হযরত খাদীজা (রা.) যখন তাকে নিশ্চিন ঘুমাতে বলেন বললেন, তখন বললেন, 'সুখেঃ যুগ আমার শেষ হয়ে গেছে।

তাহাজ্জুদ ও আমরা :- মোসনাদে আহমদে বর্ণিত আছে যে, সাঈদ বিন হিশাম ইবনে আব্বাসের কাছে জিজ্ঞাসা করলেন যে, রসূল (সা.) কি বেজোড় সংখ্যক নামায পড়তেন?

হযরত ইবনে আব্বাস (রা) বলেন বললেন, এ ব্যাপারে হযরত আয়েশা (রা.) সবচেয়ে ভালো জানেন, তার কাছে জিজ্ঞাসা করো। তিনি কি জবাব দেন আমাকে জানিও। সাঈদ ইবনে হিশাম বলেন, আমি হযরত আয়েশাকে বললাম, হে উম্মুল মোমেনীন, আমাকে জানান রসূল(সা.) এর চরিত্র করেন কেমন ছিলো।

তিনি বললেন, তুমি কি কোরআন পড়ো না? আমি বললাম, হ্যাঁ, পড়ি, তিনি বললেন, কোরআনেই রসূল (সা.) এর চরিত্র। এ কথা শোনার পর আমি চলে যাচ্ছিলাম। হঠাৎ মনে পড়লো, রসূল (সা.) রাত্র জেগে নামায পড়ার বিষয় আমি বললাম, হে উম্মুল মোমেনীন! রসূলদের কি রকম রাত জেগে নামাজ পড়তেন তা আমাকে বলুন।

তিনি বললেন, তুমি সূরা আল মোজাম্মেল পড়ো না?

আমি বললাম, হ্যাঁ, পাড়ি।

তিনি বললেন, এ সূরার প্রথম রাত জেগে নামায পড়াকে ফরয করা হয়েছিলো। ফলে রসূল (সা.) ও তাঁর সাহাবীর সারারাত জেগে নামায পড়তে লাগলেন।

পুরো এক বছর এভাবে রাত জেগে নামাস পড়ায় তাদের পা ফুলে গেলো। এ সুরার শেষ অংশে আল্লাহ তা'য়ালার বারো মাস যাবত আকাশে আটকে রাখলেন। তারপর সুরার শেষভাগে আংশিক অব্যাহতির বিধান নাযিল করলেন। তখন থেকে রাত জাগা নফল হয়ে গেলো। অথচ ইতিপূর্বে তা ফরম ছিলো। এরপর আমি বিদায় নেয়ার উদ্যোগ নিলাম সহসা মনে পড়লো রসূল (সা.) এর বেজোড় সংখ্যক নামায পড়ার বিষয়। আমি বললাম, হে উম্মিল মুমিনুল মোমেনীন রসূল (সা.)-এর বেজোড় সংখ্যক নামায পড়ার বিষয়টি আমাকে জানান। তিনি বললেন, আমরা রসূল (সা.)-এর মেসওয়াক ও গুয়র পানি প্রস্তুত করে রাখতাম। এরপর আল্লা তায়ালার সেভাবে তাঁকে ঘুম থেকে জাগাতে চাইতেন জাগাতেন। তিনি জে জেগে মেসওয়াক করতেন, ওযু করতেন অতপর আট রাকাত নামায পড়তেন

আট রাকাত

আট রাকাতের একেবারে শেষে ছাড়া বসতেন না। অষ্টম রাকাতে বসে আল্লাহর যেকের করতেন, দোয়া করতেন; কিন্তু সালাম না ফিরিয়ে উঠে দাঁড়িয়ে একই নিয়মে নবম রাকাত শেষ করে সালাম করতেন। এরপর দু'রাকাত বসে বসে পড়তেন। এই হচ্ছে এগারো রাকাত। রসূল (সা.) যখন বয়োবৃদ্ধ হলেন, তখন সাত রাকাত নামায পড়ে সালাম ফিরিয়ে আরো দু'রাকাত পড়তেন। এভাবে নয় রাকাত ও পড়তেন। আর রসূল (সা.) যখন কোনো নামায পড়তেন, অব্যাহত রাখা পছন্দ করতেন। কোনো অসুখ অসুখ, কিংবা ঘুমের কারণে রাতে জাগরে না পারলে তিনি দিনের বেলায় বারো রাকাত পড়তেন। রসূল কখনোই একই রাতে সকাল পর্যন্ত পুরো কোরআন পড়েছেন বলে আমার জান জানা নেই। রমযান ছাড়া তিনি এক নাগাড়ে একমাস কখনো রোযা রাখতেন না। (যাদুল মা' যাদ)।

صَلَّاهُ خَيْرٌ مِنَ النَّوْمِ

فَمِ اللَّيْلِ إِلَّا قَلِيلًا

রাতে সালাতে দাঁড়ান [১], কিছু অংশ ছাড়া

نَصَفَهُ أَوْ انْقُصَ مِنْهُ قَلِيلًا

আধা-রাত বা তার চেয়েও কিছু কম।

أَوْ زُدَّ عَلَيْهِ

অথবা তার চেয়েও একটু বাড়ান।

ইবনু আব্বাস (রাঃ) বলেন : আমার খালা [রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর স্ত্রী] মায়মূনা (রাঃ)-এর ঘরে একদা আমি রাত্রি যাপন করলাম। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) রাতে সালাত আদায় করার জন্য উঠলেন। তিনি তের রাকাত সালাত আদায় করলেন, তার মধ্যে ফজরের দু'রাকাত সুনাত। আমি তার প্রত্যেক রাকাতের দাঁড়ানোর পরিমাণ হিসেব করলাম যে, তা ছিল

يَا أَيُّهَا الْمُرْمَلُ

এ সূরার লম্বা সমপরিমাণ। (আবু দাউদ হা. ১৩৬৫, সহীহ)।

নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর প্রতি নবুওয়াতের গুরু দায়িত্ব অর্পণ করার পূর্বে তাঁকে আল্লাহ তা'আলার ইবাদত ও প্রশিক্ষণের মাধ্যমে দায়িত্ব পালনের প্রস্তুতি নেওয়ার নির্দেশস্বরূপ অর্ধ-রাত সালাত আদায় করার নির্দেশ দিয়ে বলছেন-ওঠো, ঘুম ও বিশ্রামের সময় আর নেই। এ দায়িত্বের জন্য প্রস্তুতি নাও। এটা একটি গুরুতর নির্দেশ। কারণ যে ব্যক্তি কেবল নিজেই নিয়ে ব্যস্ত তার পক্ষে আরাম-আয়েশ ও নরম বিছানায় জীবন কাটানো সম্ভব হলেও যে ব্যক্তি সারা পৃথিবীর জন্য প্রেরিত, যার প্রতি মহৎ দায়িত্ব তার ঘুম আসে কি করে? আরাম-আয়েশে জীবন-যাপন কিভাবে সম্ভব?

(فَمِ اللَّيْلِ إِلَّا قَلِيلًا)

আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-কে রাতের কিছু অংশ ব্যতীত বাকি রাত কিয়াম (তাহাজ্জুদ) করার নির্দেশ প্রদান করেছেন।

إِلَّا قَلِيلًا

'রাতের কিছু অংশ ব্যতীত' এর তাফসীর পরের দু'আয়াতে আল্লাহ তা'আলা নিজেই উল্লেখ করেছেন। তাহল : 'তার অর্ধেক কিংবা তদপেক্ষা কিছু কম। অথবা তদপেক্ষা বেশি।' অর্থাৎ অর্ধ-রাত পর্যন্ত বা তার কম কিম্বা তার চেয়ে বেশি রাত কিয়াম কর, বাকি রাত ঘুমাও। অর্ধ-রাতের কিছু কম-বেশি হলে কোন অসুবিধা নেই। নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহ তা'আলার নির্দেশকে বাস্তবায়িত করত অর্ধ-রাত সালাত আদায় করতেন। এটা তাঁর ওপর ফরয ছিল। যেমন অন্যত্র আল্লাহ তা'আলা বলেন :

(وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَّكَ دَعَاكَ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا)

“এবং রাত্রির কিছু অংশে তাহাজ্জুদ কয়েম কর, এটা তোমার জন্য এক অতিরিক্ত কর্তব্য। আশা করা যায় তোমার প্রতিপালক তোমাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে।” আয়াতে এবং রাত্রির কিছু অংশের পরিমাণ এ আয়াতদ্বয়ে বলে দেওয়া হল। (ইবনু কাসীর)

আল্লামা শাওকানী (রহঃ) বলেন : আয়াতটি রহিত হয়ে গেছে। তবে কোন্ আয়াত একে রহিত করেছে তা নিয়ে কয়েকটি মত পাওয়া যায়। যেমন কেউ বলেছেন : অত্র সূরার ২০ নম্বর আয়াত।

কেউ বলেছেন : (عَلِمَ أَنْ لَنْ تُحْصُوهُ)

“তিনি জানেন যে, তোমরা কখনও এর সঠিক হিসাব রাখতে পারবে না।” আবার কেউ বলেছেন : ফরয পাঁচ ওয়াক্ত সালাত রহিত করে দিয়েছে। এ কথা বলেছেন মুকাতিল, ইমাম শাফেয়ী ও ইবনু কায়সান। (ফাতহুল কাদীর)।

সাদ বিন হিশাম বলেন : আয়িশাহ (রাঃ)-কে বললাম : রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর রাতের কিয়াম সম্পর্কে আমাকে বলুন। তিনি বললেন : তুমি কি সূরা মুযযাম্মিল পড়নি? আমি বললাম হ্যাঁ, পড়েছি। তিনি বললেন : এ সূরার শুরুতে আল্লাহ তা‘আলা তাঁর ওপর কিয়ামূল লাইল (রাতের সালাত) ফরয করে দেন। ফলে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর পার্শ্বের সাহাবীরাও রাতে সালাত আদায় করতো ফলে তাদের পা ফুলে যেত। বার মাস পর এ সূরার শেষের আয়াতগুলো অবতীর্ণ হয় এবং আল্লাহ তা‘আলা এ ফরযকে হালকা করে দেন। ফলে রাতের সালাত ফরযের পর নফল থেকে যায়। (সহীহ মুসলিম : ৭৪৬, আবু দাউদ হা. ১৩৪২) এসত্তেও নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) রাতে নিয়মিত তাহাজ্জুত সালাত আদায় করতেন।

(وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَّكَ دَعَاكَ أَنْ يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا)

আর রাতের কিছু অংশে তাহাজ্জুদ ১ আদায় করুন, এটা আপনার জন্য অতিরিক্ত ২। আশা করা যায় আপনার রব আপনাকে প্রতিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানে।

শব্দটি নিদ্‌বা যাওয়া ও জাখত হওয়া এই পরস্পর বিরোধী দুই অর্থে ব্যবহৃত হয়। [ফাতহুল কাদীর] আয়াতের অর্থ এই যে, রাত্রির কিছু অংশে কুরআন পাঠসহ জাখত থাকুন। কেননা ۛ এর সর্বনাম দ্বারা কুরআন বোঝানো হয়েছে। [ফাতহুল কাদীর] আর কুরআন পাঠসহ জাখত থাকার অর্থ সালাত পড়া।

أَفَلَا أَكُونُ عَبْدًا شَكُورًا

এ কারণেই শরীআতের পরিভাষায় রাত্রিকালীন সালাতকে “তাহাজ্জুদ” বলা হয়। সাধারণতঃ এর অর্থ, এরূপ নেয়া হয় যে কিছুক্ষণ নিদ্‌বা যাওয়ার পর যে সালাত পড়া হয় তাই তাহাজ্জুদের সালাত। হাসান বসরী বলেনঃ এশার পরে পড়া হয় এমন প্রত্যেক সালাতকে তাহাজ্জুদ বলা যায়। [ইবন কাসীর] তবে প্রচলিত পদ্ধতির কারণে কিছুক্ষণ নিদ্‌বা যাওয়ার পর পড়ার অর্থেই অনেকে তাহাজ্জুদ বুঝে থাকেন। সাধারণতঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরাম শেষ রাতে জাখত হয়ে তাহাজ্জুদের সালাত পড়তেন। তাই এভাবে পড়াই উত্তম হবে। তাহাজ্জুদের সালাতের ব্যাপারে বহু হাদীসে অনেক ফযীলত বর্ণিত হয়েছে। এক হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “রমযানের সাওমের পর সবচেয়ে উত্তম হলো আল্লাহর মাস মুহররামের সাওম আর ফরয সালাতের পর সবচেয়ে উত্তম সালাত হলো, রাতের সালাত”। [মুসলিমঃ ১১৬৩]

[২] نافلة শব্দের আভিধানিক অর্থ অতিরিক্ত। এ কারণেই যেসব সালাত, দান-সদকা ওয়াজিব ও জরুরী নয়- করলে সওয়াব পাওয়া যায় এবং না করলে গোনাহ নাই, সেগুলোকে নফল বলা হয়। আয়াতে নামাযে তাহাজ্জুদের সাথে نافلة শব্দ সংযুক্ত হওয়ায় এটাই বোঝা যায় যে, তাহাজ্জুদের সালাত বিশেষভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম- এর জন্যে নফল। অথচ সমগ্র উম্মতের জন্যেও নফল। এজন্যেই কোন কোন তফসীরবিদ এখানে نافلة শব্দটিকে উম্মতের ওপর তো শুধু পাঁচ ওয়াক্ত সালাতই ফরয; কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর উপর তাহাজ্জুদও একটি অতিরিক্ত ফরয। অতএব, এখানে نافلة শব্দের অর্থ অতিরিক্ত ফরয। নফলের সাধারণ অর্থে নয়। [তাবারী] আবার কোন কোন মুফাসসির বলেন, এখানে نافلة শব্দটি তার সাধারণ অর্থ অতিরিক্ত অর্থেই ব্যবহৃত হয়েছে, তখন অর্থ হবেঃ আপনার যাবতীয় পূর্ব ও পরের গুণাহ মাফ হয়ে যাওয়ার কারণে আপনার জন্য তাহাজ্জুদের সালাত অতিরিক্তই রয়ে গেল।

[ইবন কাসীর] আপনার উম্মতের জন্য সেটার প্রয়োজনীয়তা হলো, গোনাহ মাফ পাওয়া। কিন্তু আপনার জন্য তা মর্যাদা বৃদ্ধি কারক। কিন্তু নফল হওয়া সত্ত্বেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাহাজ্জুদ ত্যাগ করতেন না। এ ব্যাপারে তাকে জিজ্ঞেস করা হলে তিনি বলেছিলেন যে,
 অর্থাৎ “আমি কি কৃতজ্ঞ বান্দা হবো না? [মুসলিমঃ ২৮১৯]

[১] অর্থাৎ, কুরআন পড়ার মাধ্যমে।

[২] কেউ কেউ বলেন, تَهَجَّدُ শব্দটি সেই শ্রেণীভুক্ত শব্দ, যাতে বিপরীতমুখী দু’ রকম অর্থ পাওয়া যায়। এর অর্থ ঘুমানোও হয়, আবার ঘুম থেকে জাগাও হয়। এখানে দ্বিতীয় অর্থেই ব্যবহৃত হয়েছে।

অর্থাৎ, রাতে ঘুম থেকে ওঠো এবং নফল নামায পড়। কেউ বলেন, هَجُودُ এর প্রকৃত অর্থই হল, রাতে ঘুমানো। কিন্তু بَابُ تَفْعُلُ এর ছাঁচে পড়ে তাতে تَجْنِبُ (বঁচে থাকা) এর অর্থ সৃষ্টি হয়ে যায়। যেমন, اِنْمْ মানে পাপ, কিন্তু اِنْمْ ছাঁচে পড়ে تَأْتُمْ এর অর্থ হয়, পাপ থেকে বিরত বা বঁচে থাকা। অনুরূপ تَهَجَّدُ এর অর্থ হবে, ঘুম থেকে বিরত বা বঁচে থাকা। আর مَهْجِدٌ হবে সে, যে রাতে না ঘুমিয়ে কিয়াম করে। মোট কথা তাহাজ্জুদের অর্থ হল, রাতের শেষ প্রহরে উঠে নফল নামায পড়া। সারা রাত قِيَامُ اللَّيْلِ (নামায) পড়া সুন্নতের বিপরীত। নবী (সাঃ) রাতের প্রথমাংশে ঘুমাতেন এবং শেষাংশে উঠে তাহাজ্জুদ আদায় করতেন। আর এটাই হল সুন্নতী তরীকা।

[৩] কেউ কেউ এর অর্থ করেছেন, এটা একটি অতিরিক্ত ফরয, যা নবী (সাঃ)-এর জন্য নির্দিষ্ট ছিল। এইভাবে তারা বলেন যে, নবী (সাঃ)-এর উপর তাহাজ্জুদের নামাযও ঐরূপ ফরয ছিল, যেমন পাঁচ অঙ্ক নামায ফরয ছিল। অবশ্য উম্মতের জন্য তাহাজ্জুদের নামায ফরয নয়। কেউ কেউ বলেন যে, نَافِلَةٌ (অতিরিক্ত) এর অর্থ হল, তাহাজ্জুদের এই নামায রসূল (সাঃ)-এর মর্যাদা বৃদ্ধির জন্য অতিরিক্ত জিনিস। কারণ, তিনি হলেন, مَغْفُورُ الذَّنْبِ (পাপ থেকে ক্ষমাপ্রাপ্ত)। পক্ষান্তরে উম্মতের জন্য উক্ত আমল এবং অন্যান্য সমস্ত নেক আমল পাপসমূহের কাফফারা হয়। আবার কেউ কেউ বলেছেন, نَافِلَةٌ মানে নফলই। অর্থাৎ, এ নামায না রসূল (সাঃ)-এর উপর ফরয ছিল, আর না তাঁর উম্মতের উপর। এটি একটি অতিরিক্ত নফল ইবাদত, যার ফযীলত অবশ্যই অনেক। এই সময়ে আল্লাহ তাঁর ইবাদতে বড়ই সন্তুষ্ট হন। আল্লাহর রসূল (সাঃ) বলেছেন, “রমযানের পর সর্বশ্রেষ্ঠ রোযা হল আল্লাহর মাস মুহার্রমের রোযা। আর ফরয নামাযের পর সর্বশ্রেষ্ঠ নামায হল রাতের (তাহাজ্জুদের) নামায।” (মুসলিম ১১৬৩নং, আবু দাউদ তিরমিযী, নাসাঈ, ইবনে খুযাইমাহ) তিনি বলেন, “জান্নাতের মধ্যে এমন একটি কক্ষতা শুনে আবু মালেক আশআরী (রাঃ) বললেন, ‘সে কক্ষ কার জন্য হবে, হে আল্লাহর রসূল?’

তিনি বললেন, “যে ব্যক্তি উত্তম কথা বলে, অনুদান করে ও লোকেরা যখন ঘুমিয়ে থাকে, তখন নামাযে রত হয়; তার জন্য।” আছে, যার বাহিরের অংশ ভিতর থেকে এবং ভিতরের অংশ বাহির থেকে দেখা যাবে।” (ত্হাবারানী, হাকেম, সহীহ তারগীব ৬১১নং) তিনি বলেন, “আল্লাহ তাআলা প্রত্যহ রাত্রের শেষ তৃতীয়াংশে নীচের আসমানে অবতরণ করেন এবং বলেন, ‘কে আমাকে ডাকবে? আমি তার ডাকে সাড়া দেব। কে আমার নিকট কিছু চাইবে? আমি তাকে দান করব। এবং কে আমার নিকট ক্ষমা চাইবে? আমি তাকে ক্ষমা করব।’ (বুখারী, মুসলিম, সুনান আরবাআহ, মিশকাত ১২২৩নং) তিনি বলেন, “তোমরা তাহাজ্জুদের নামাযে অভ্যাসী হও। কারণ, তা তোমাদের পূর্বসুরী নেক বান্দাদের অভ্যাস; তা তোমাদের প্রভুর নৈকট্যদানকারী ও পাপক্ষালনকারী এবং গোনাহ হতে বিরতকারী আমল।” (তিরমিযী, ইবনে আবিদ্দুনয়্যা, ইবনে খুযাইমাহ, হাকেম, সহীহ তারগীব ৬১৮ নং) [৪] এটা হল সেই স্থান, যা কিয়ামতের দিন মহান আল্লাহ নবী (সাঃ)-কে দান করবেন এবং সেই স্থানে সিজদায় পড়ে আল্লাহর অসীম প্রশংসা বর্ণনা করবেন। অতঃপর আল্লাহ জাল্লা শানুহ বলবেন, ‘হে মুহাম্মাদ! মাথা তোল, কি চাও বল, তোমাকে দেওয়া হবে। তুমি সুপারিশ কর, মঞ্জুর করা হবে।’ তখন তিনি সেই বড় সুপারিশটি করবেন, যার পর লোকদের হিসাব-নিকাশ আরম্ভ হবে। (আশা এখানে নিশ্চিতের অর্থে।)

تَتَجَافَى جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ

তাদের পার্শ্বদেশ শয্যা হতে দূরে থাকে [১] তারা তাদের রবকে ডাকে আশংকা ও আশায় [২] এবং আমরা তাদেরকে যে রিযিক দান করেছি তা থেকে তারা ব্যয় করে। [১] অবস্থা হচ্ছে এই যে, সারা দিন নিজেদের দায়িত্ব পালন করে কাজ শেষে এসে দাঁড়ায় তারা নিজেদের রবের সামনে। তাঁকে স্মরণ করে রাত কাটিয়ে দেয়। তাঁর ভয়ে কাঁপতে থাকে এবং তাঁর কাছেই নিজেদের সমস্ত আশা-আকাংখা সম্ভরণ করে। [দেখুন, মুয়াসসার, কুরতুবী, বাগতী] [২] আয়াতে মুমিনগণের এক গুণ এই বলে বর্ণনা করা হয়েছে যে, তাদের শরীরের পার্শ্বদেশ শয্যা থেকে আলাদা থাকে এবং শয্যা পরিত্যাগ করে আল্লাহর যিকর ও দো'আয় অনিয়োগ করে। কেননা, এরা মহান আল্লাহর অসন্তুষ্টি ও শাস্তিভীক ভয় করে এবং তাঁর কাংখা ও পূণ্যের আশা করে থাকে। আশা-নিরাশাপূর্ণ এ অবস্থা তাদেরকে যিকর ও দো'আর জন্য ব্যাকুল করে রাখে। অধিকাংশ মুফাসসিরগণের মতে শয্যা পরিত্যাগ করে যিকর ও দো'আয় অন্নিয়োগ করার অর্থ তাহাজ্জুদ ও নফল সালাত যা ঘুম থেকে উঠার পর গভীর রাতে পড়া হয়। হাদীসের অপরাপর বর্ণনা থেকেও এর সমর্থন পাওয়া যায়।

মা'আয ইবনে জাবাল রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একদা নবীজীর সঙ্গে সফরে ছিলাম, সফরকালে একদিন আমি আরজ করলাম; ইয়া রাসূলাল্লাহ, আমাকে এমন কোন আমল বলে দিন যার মাধ্যমে আমি জান্নাত লাভ করতে পারি এবং জাহান্নাম থেকে অব্যাহতি পেতে পারি। তিনি বললেন, তুমি তো অত্যন্ত গুরুত্বপূর্ণ বস্তু প্রার্থনা করেছ। কিন্তু আল্লাহ পাক যার জন্যে তা সহজ করে দেন তার পক্ষে তা লাভ করা অতি সহজ। অতঃপর বললেন, সে আমল এই যে, আল্লাহর ইবাদাত করবে এবং তাঁর সাথে কোন অংশীদার স্থাপন করবে না। সালাত প্রতিষ্ঠা করবে, যাকাত প্রদান করবে, সাওম রাখবে এবং বায়তুল্লাহ শরীফের হজ সম্পন্ন করবে। অতঃপর তিনি বললেন, এসো, তোমাকে পুণ্য দ্বারের সন্ধান দিয়ে দেই, (তা এই যে,) সাওম হচ্ছে ঢাল স্বরূপ (যা শান্তি থেকে মুক্তি দেয়)। আর সদকা মানুষের পাপানল নির্বাপিত করে দেয়। অনুরূপভাবে মানুষের গভীর রাতের সালাত; এই বলে কোরআন মজীদের উল্লেখিত আয়াত তেলাওয়াত করেন। [তিরমিযী: ২৬১৬, ইবনে মাজাহঃ ৩৯৭৩, মুসনাদে আহমাদ: ৫/২৩১] সাহাবী আবুদারদা রাদিয়াল্লাহু 'আনহু, প্রখ্যাত তাবেয়ী কাতাদাহ ও যাহহাক রাহেমাছুমাল্লাহ বলেন যে, সেসব লোকও শয্যা থেকে শরীরের পার্শ্বদেশ পৃথক হয়ে থাকা গুণের অধিকারী, যারা এশা ও ফজর উভয় সালাত জামা'আতের সাথে আদায় করেন। প্রখ্যাত সাহাবী আনাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত আছে, উল্লেখিত আয়াত যারা এশার সালাতের পূর্বে শয্যা গ্রহণ না করে, এশার জামাতের জন্য প্রতীক্ষারত থাকেন, তাদের সম্পর্কেই নাযিল হয়েছে। [আবু দাউদ: ১৩২১, তিরমিযী: ৩১৯৬] ইবনে-কাসীর ও অন্যান্য তাফসীরকারগণ বলছেন যে, এসব বক্তব্যের মধ্যে পরস্পর কোন বিরোধ নেই। প্রকৃতপক্ষে এরা সকলেই এ আয়াতের অন্তর্ভুক্ত। এর মধ্যে শেষরাতের সালাতই সর্বোত্তম ও সর্বশ্রেষ্ঠ মর্যাদার অধিকারী।

إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيلًا

নিশ্চয় দিনের বেলায় আপনার জন্য রয়েছে দীর্ঘ কর্মব্যস্ততা। [১] سَبْحًا শব্দের অর্থ প্রবাহিত হওয়া ও ঘোরাফেরা করা। এ কারণেই সাঁতার কাটাকে سباحة বলা হয়। এখানে এর অর্থ দিনমানের কর্মব্যস্ততা ও জীবিকার জন্য ঘোরাঘুরির কারণে অস্ত্রের ব্যস্ততা। দিনের কর্মব্যস্ততার কারণে একত্রিষ্ঠে ইবাদতে মনোনিবেশ করা কঠিন হয়ে পড়ে। [দেখুন, করতুবী; সা'দী]

تَبَيَّنَ (وَتَبَيَّنَ إِلَيْهِ تَبَيَّنًا)

অর্থ : পৃথক ও আলাদা হয়ে যাওয়া। অর্থাৎ আল্লাহ তা'আলার ইবাদত করার নিমিত্তে দুনিয়ার ব্যস্ততা থেকে মুক্ত হওয়ার পর আলাদা হয়ে যাও। এটি বৈরাগ্যতা নয়। কেননা বৈরাগ্যতা হল : দুনিয়া থেকে সাংসারিক ব্যস্ততাসহ সকল কিছু বর্জন করা।

আর এরূপ বৈরাগ্যবাদ ইসলামে নিষেধ। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহ তা'আলার ইবাদত করতেন, আবার বিবাহ করে সংসার গড়েছেন, রোযা রাখতেন আবার রোযা ছাড়তেন, রাতে সালাত আদায় করতেন আবার ঘুমাতে। এটাই সুন্নাত তরিকা। অতএব এ তরিকা বর্জন করে অন্য তরিকা গ্রহণ করা সম্পূর্ণ শরীয়ত গর্হিত কাজ। কখনো এমন আমল আল্লাহ তা'আলার কাছে গ্রহণযোগ্য হবে না। (সহীহ বুখারী হা. ৫০৬৩)

قُلْ أَرَأَيْتُمْ إِنْ جَعَلَ اللَّهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا إِلَى يَوْمِ الْقِيَامَةِ مَنْ إِلَهُ غَيْرُ اللَّهِ
يَأْتِيكُمْ بِلَيْلٍ تَسْكُنُونَ فِيهِ أَفَلَا تُبْصِرُونَ

বলুন, 'তোমরা আমাকে জানাও, আল্লাহ যদি দিনকে কেয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ ছাড়া এমন কোন্ ইলাহ আছে, যে তোমাদের জন্য রাতের আবির্ভাব ঘটাবে যাতে বিশ্রাম করতে পার? তবুও কি তোমরা ভেবে দেখবে না?' [১] এ আয়াতে আল্লাহ তা'আলা রাতের সাথে তার একটি উপকারিতা উল্লেখ করেছেন। বলেছেন, بِلَيْلٍ تَسْكُنُونَ فِيهِ অর্থাৎ রাতে বিশ্রাম গ্রহণ করে। এর বিপরীতে দিনের সাথে শুধু بضياء বলা হয়েছে। ضياء বা আলোকের কোন উপকারিতা উল্লেখ করেননি। কারণ এই যে, দিবালোক নিজ সত্তাগতভাবে উত্তম। অন্ধকার থেকে আলোক যে উত্তম তা সুবিদিত। আলোকের অসংখ্য উপকারিতা এত সুবিদিত যে, তা বর্ণনা করার মোটেই প্রয়োজন নেই। রাত হচ্ছে অন্ধকার, যা সত্তাগতভাবে শ্রেষ্ঠত্বের অধিকারী নয়। বরং মানুষের আরাম ও বিশ্রামের কারণে এর শ্রেষ্ঠত্ব। তাই একে বর্ণনা করে দেয়া হয়েছে। সবশেষে বলেছেন, তবুও কি তোমরা দেখবে না? এখানে দেখার দু'টি অর্থ হতে পারে। এক. তোমরা কি ভেবে দেখবে না যে, তোমরা যে শিরকের উপর আছ সেটা সম্পূর্ণ ভ্রান্ত পথ। তারপরও কি তোমরা সেটা থেকে ফিরে আসবে না? তোমরা যদি তোমাদের বিবেক খাটাও তাহলে অনায়াসেই সরল সোজা পথে সমর্থ হতে পার। [জালালাইন; সা'দী] অথবা তোমরা যদি আল্লাহর এ বিরাট নে'আমতের উপর চিন্তা-ভাবনা করো তাহলে তা তোমাদেরকে ঈমান আনতে সহযোগিতা করতে পারে। [ইবন কাসীর] দুই. তোমরা কি রাত দিনের এ পার্থক্য স্বচক্ষে দেখতে পাও না? [মুয়াসসার] লক্ষণীয় যে, রাতের অনুগ্রহ বর্ণনা করার পর আল্লাহ বলেছেন "তোমরা কি ক্রণপাত করবে না?" আর দিনের অনুগ্রহ বর্ণনা করার পর বলেছেন, "তোমরা কি দেখবে না?" কারণ, রাতে শ্রবণশক্তির কাজ বেশী আর দিনে দৃশ্যমান হওয়া বেশী কার্যকর। [সা'দী]

وَهُوَ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِبَاسًا وَالنَّوْمَ سُبَاتًا وَجَعَلَ النَّهَارَ نُشُورًا

আর তিনিই তোমাদের জন্য রাতকে করেছেন আবরণস্বরূপ, বিশ্রামের জন্য তোমাদের দিয়েছেন নিদ্রা [১] এবং ছড়িয়ে পড়ার জন্য করেছেন দিন [২]।

[১] এ আয়াতে রাত্রিকে ‘লেবাস’ শব্দ দ্বারা ব্যক্ত করা হয়েছে। লেবাস যেমন মানবদেহকে আবৃত করে, রাত্ৰিও তেমনি একটি প্রাকৃতিক আবরণ, যা সমগ্র সৃষ্টজগতের উপর ফেলে দেয়া হয়। سُبَاتًا শব্দটি سَبَت থেকে উদ্ভূত। এর আসল অর্থ ছিন্ন করা। سُبَاتٌ এমন বস্তু যদ্বারা অন্য বস্তুকে ছিন্ন করা হয়। নিদ্রাকে আল্লাহ তা‘আলা এমন করেছেন যে, এর ফলে সারাদিনের ক্লান্তি ও শ্রান্তি ছিন্ন তথা দূর হয়ে যায়। চিন্তা ও কল্পনা বিচ্ছিন্ন হয়ে গেলে মস্তিষ্ক শান্ত হয়। তাই سُبَاتٌ এর অর্থ করা হয় আরাম, শান্তি। আয়াতের অর্থ এই যে, আমি রাত্রিকে আবৃতকারী করেছি, অতঃপর তাতে মানুষ ও প্রাণীদের উপর নিদ্রা চাপিয়ে দিয়েছি, যা তাদের আরাম ও শান্তির উপকরণ। [দেখুন- কুরতুবী, আদওয়াউল বায়ান]

[২] এখানে দিনকে نُشُور অর্থাৎ ‘জীবন বা ছড়িয়ে পড়া’ বলা হয়েছে। কেননা, এর বিপরীত অর্থাৎ নিদ্রা এক প্রকার মৃত্যু। [আদওয়াউল বায়ান]

فَاصْبِرْ عَلَىٰ مَا يَفْعُلُونَ وَنَسِيْحٌ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا ۖ وَمِنْ
ءَآثَآئِ اللَّيْلِ فَسَبِّحْ وَأَطْرَافَ النَّهَارِ لَعَلَّكَ تَرْضَىٰ

কাজেই তারা যা বলে, সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করুন [১] এবং সূর্যোদয়ের আগে ও সূর্যাস্তের আগে আপনার রব এর সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন এবং রাতে পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন, এবং দিনের প্রান্তসমূহেও [২], যাতে আপনি সন্তুষ্ট হতে আপ্রেন। [১] মক্কাবাসীরা ঈমান থেকে গা বাঁচানোর জন্য নানারকম বাহানা খুঁজত এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের শানে অশালীন কথাবার্তা বলত। কেউ জাদুকর, কেউ কবি এবং মিথ্যাবাদী বলত। [ফাতহুল কাদীর] কুরআনুল করীম এখানে তাদের এসব যন্ত্রণাদায়ক কথাবার্তার দু’টি প্রতিকার বর্ণনা করেছে। (এক) আপনি তাদের কথাবার্তার প্রতি ভ্রক্ষেপ করবেন না; বরং সবর করবেন। (দুই) আল্লাহর ইবাদাতে মশগুল হয়ে যান। وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ বাক্যে একথা বলা হয়েছে।

[বুখারীঃ ৫৭৩] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ “যে ব্যক্তি [২] অর্থাৎ যেহেতু মহান আল্লাহ এখনই তাদেরকে ধ্বংস করতে চান না এবং তাদের জন্য একটি অবকাশ সময় নির্ধারিত করে ফেলেছেন, তাই তাঁর প্রদত্ত এ অবকাশ সময়ে তারা আপনার সাথে যে ধরনের আচরণই করুক না কেন আপনাকে অবশ্যি তা বরদাশত করতে হবে এবং সবরের সাথে তাদের যাবতীয় তিক্ত ও কড়া কথা শুনেও নিজের সত্যবাণী প্রচার ও স্মরণ করিয়ে দেবার দায়িত্ব পালন করে যেতে হবে। আপনি সালাত থেকে এ সবর, সহিষ্ণুতা ও সংযমের শক্তি লাভ করবেন। এ নির্ধারিত সময়গুলোতে আপনার প্রতিদিন নিয়মিত এ সালাত পড়া উচিত। “রবের সর্বদা পবিত্রতা ও মহিমা ঘোষণা” করা মানে হচ্ছে সালাত। যেমন সামনের দিকে আল্লাহু নিজেই বলেছেনঃ “নিজের পরিবার পরিজনকে সালাত পড়ার নির্দেশ দিন এবং নিজেও নিয়মিত তা পালন করতে থাকুন।”

সালাতের সময়গুলোর প্রতি এখানেও পরিষ্কার ইশারা করা হয়েছে। সূর্য উদয়ের পূর্বে ফজরের সালাত। সূর্য অস্ত যাবার আগে আসরের সালাত। আর রাতের বেলা হচ্ছে এশা ও তাহাজ্জুদের সালাত। দিনের প্রান্তগুলো অবশ্যি তিনটিই হতে পারে। একটি প্রান্ত হচ্ছে প্রভাত, দ্বিতীয় প্রান্তটি সূর্য ঢলে পড়ার পর এবং তৃতীয় প্রান্তটি হচ্ছে সন্ধ্যা। কাজেই দিনের প্রান্তগুলো বলতে ফজর, যোহর ও মাগরিবের সালাত হতে পারে। সহীহ হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ ‘তোমরা তোমাদের রবকে স্বচ্ছভাবে দেখতে পাবে যেমনিভাবে তোমরা এ (পূর্ণিমার চাঁদ) কে দেখতে পাচ্ছ। দেখতে তোমাদের কোন সমস্যা হবে না। সুতরাং তোমরা যদি সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে তোমাদের সালাতগুলো আদায়ের ব্যাপারে কোন প্রকার ব্যাঘাত সৃষ্টি করা হতে মুক্ত হতে পার তবে তা কর; অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম (তোমরা সূর্যোদয়ের পূর্বে এবং সূর্যাস্তের পূর্বে তোমাদের প্রভুর সুপ্রশংসা পবিত্রতা ঘোষণা কর) এ আয়াতটি বললেন। সূর্যোদয়ের পূর্বে এবং সূর্যাস্তের পূর্বে সালাত আদায় করবে সে জাহান্নামে যাবে না।” অর্থাৎ ফজর ও আসার। [মুসলিমঃ ৬৩৪] [ইবন কাসীর]

[৩] অর্থাৎ তাসবীহ ও ইবাদাত এজন্যে করুন যাতে আপনার জন্য এমন কিছু অর্জিত হয়, যাতে আপনি সন্তুষ্ট হতে পারেন। মুমিনের সঠিক সন্তুষ্টি আসবে আল্লাহর সন্তুষ্টি অর্জনের মাধ্যমে। হাদীসে এসেছে, “আল্লাহ তা’আলা বলেনঃ হে জান্নাতবাসী! তারা বলবেঃ হাজির হে আমাদের প্রভু, হাজির। তারপর তিনি বলবেনঃ তোমরা কি সন্তুষ্ট হয়েছ? তারা বলবেঃ কেন আমরা সন্তুষ্ট হব না, অথচ আপনি আমাদেরকে যা দিয়েছেন, সৃষ্টি জগতের কাউকে তা দেননি।

তারপর তিনি বলবেনঃ আমি তোমাদেরকে তার থেকেও উত্তম কিছু দেব। তারা বলবেঃ এর থেকে উৎকৃষ্ট আর কিইবা আছে। তিনি বলবেনঃ আমি তোমাদের উপর এমনভাবে সম্ভ্রষ্ট হব, যার পরে আর কখনো অসম্ভ্রষ্ট হব না। [বুখারীঃ ৬৫৪৯, ৭৫১৮, মুসলিমঃ ২৮২৯]

وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ آيَاتَيْنِ ۖ فَمَحْوُنَا آيَةَ اللَّيْلِ وَجَعَلْنَا آيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّنَبِّئُوكُمْ
فَضْلًا مِّن رَّبِّكُمْ وَلِتَعْلَمُوا عَدَدَ السِّنِينَ وَالْحِسَابَ ۚ وَكُلُّ شَيْءٍ فَصْلَانُهُ تَفْصِيلًا

আর আমরা রাত ও দিঞ্জে করেছি দুটি নিদর্শন [১] তারপর রাতের নিদর্শনকে মুছে দিয়েছি এবং দিনের নিদর্শনকে আলকপ্রদ করেছি; যাতে তোমরা তোমাদের রবের অনুগ্রহ সন্ধান করতে পার এবং যাতে তোমরা বর্ষ-সংখ্যা ও হিসাব জানতে পারো; আর আমরা সবকিছু বিশদভাবে বর্ণনা করেছি।

[১] আমার একত্ববাদ ও আমার অপার ক্ষমতার উপর প্রমাণ ! [এ ধরনের আয়াত আরো দেখুন, সূরা ফুসসিলাতঃ ৩৭, ইয়াসীনঃ ৩৭, ইউনুসঃ ৬, আল-মুমিনুনঃ ৮০, আল বাকারাহঃ ১৬৪, আলে ইমরানঃ ১৯০. আন-নূরঃ ৪৪. আল-ফুরকানঃ ৬২, আল কাসাসাঃ ৭৩, জাসিয়াঃ ৫]

[২] আলোচ্য আয়াতে দিবারাত্রির পরিবর্তনকে আল্লাহ তাআলার অপার শক্তির নিদর্শন সাব্যস্ত করা হয়েছে। তারপর বলা হয়েছে যে, রাত্রিকে অন্ধকারাচ্ছন্ন এবং দিনকে উজ্জ্বল করার মধ্যে বহুবিধ তাৎপর্য নিহিত রয়েছে। রাত্রিকে অন্ধকারাচ্ছন্ন করার তাৎপর্য এখানে বর্ণনা করা হয়নি। অন্যান্য আয়াতে বলা হয়েছে যে, রাত্রির অন্ধকার নিদ্রা ও আরামের জন্যে উপযুক্ত। আল্লাহ তাআলা এমন ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছেন যে, রাত্রির অন্ধকারেই প্রত্যেক মানুষ ও জন্তুর ঘুম আসে। সমগ্রজগত একই সময়ে ঘুমায়। যদি বিভিন্ন লোকের ঘুমের জন্যে বিভিন্ন সময় নির্ধারিত থাকত, তবে জাগ্রতদের হটুগোলে ঘুমন্ড্রদের ঘুমে ও ব্যাঘাত সৃষ্টি হত। [৩] অর্থাৎ তাসবীহ ও ইবাদাত এজন্যে করুন যাতে আপনার জন্য এমন কিছু অর্জিত হয়, যাতে আপনি সম্ভ্রষ্ট হতে পারেন। মুমিনের সঠিক সম্ভ্রষ্টি আসবে আল্লাহর সম্ভ্রষ্টি অর্জনের মাধ্যমে। হাদীসে এসেছে, “আল্লাহ তাআলা বলেনঃ হে জান্নাতবাসী! তারা বলবেঃ হাজির হে আমাদের প্রভু, হাজির। তারপর তিনি বলবেনঃ তোমরা কি সম্ভ্রষ্ট হয়েছ? তারা বলবেঃ কেন আমরা সম্ভ্রষ্ট হব না, অথচ আপনি আমাদেরকে যা দিয়েছেন, সৃষ্টি জগতের কাউকে তা দেননি। তারপর তিনি বলবেনঃ আমি তোমাদেরকে তার থেকেও উত্তম কিছু দেব। তারা বলবেঃ এর থেকে উৎকৃষ্ট আর কিইবা আছে।

তিনি বলবেনঃ আমি তোমাদের উপর এমনভাবে সন্তুষ্ট হব, যার পরে আর কখনো অসন্তুষ্ট হব না । [বুখারীঃ ৬৫৪৯, ৭৫১৮, মুসলিমঃ ২৮২৯]

وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ آيَاتَيْنِ ۖ فَمَحْوَنًا آيَةَ اللَّيْلِ وَجَعَلْنَا آيَةَ النَّهَارِ مُبْصِرَةً لِّتَبْتَغُوا فَضْلًا مِّن رَّبِّكُمْ وَلِتَعْلَمُوا عَدَدَ السِّنِينَ وَالْحِسَابَ ۗ وَكُلُّ شَيْءٍ فَصْلَانُهُ تَفْصِيلًا

আর আমরা রাত ও দিঞ্চে করেছি দুটি নিদর্শন [১] তারপর রাতের নিদর্শনকে মুছে দিয়েছি এবং দিনের নিদর্শনকে আলকপ্রদ করেছি; যাতে তোমরা তোমাদের রবের অনুগ্রহ সন্ধান করতে পার এবং যাতে তোমরা বর্ষ-সংখ্যা ও হিসাব জানতে পারো; আর আমরা সবকিছু বিশদভাবে বর্ণনা করেছি । [২]

[১] আমার একত্ববাদ ও আমার অপার ক্ষমতার উপর প্রমাণ ! [এ ধরনের আয়াত আরো দেখুন, সূরা ফুসসিলাতঃ ৩৭, ইয়াসীনঃ ৩৭, ইউনুসঃ ৬, আল-মু'মিনুনঃ ৮০, আল বাকারাহঃ ১৬৪, আলে ইমরানঃ ১৯০. আন-নূরঃ ৪৪. আল-ফুরকানঃ ৬২, আল কাসাসাঃ ৭৩, জাসিয়াঃ ৫]

[২] আলোচ্য আয়াতে দিবারাত্রির পরিবর্তনকে আল্লাহ তাআলার অপার শক্তির নিদর্শন সাব্যস্ত করা হয়েছে । তারপর বলা হয়েছে যে, রাত্রিকে অন্ধকারাচ্ছন্ন এবং দিনকে উজ্জ্বল করার মধ্যে বহুবিধ তাৎপর্য নিহিত রয়েছে । রাত্রিকে অন্ধকারাচ্ছন্ন করার তাৎপর্য এখানে বর্ণনা করা হয়নি । অন্যান্য আয়াতে বলা হয়েছে যে, রাত্রির অন্ধকার নিদ্রা ও আরামের জন্যে উপযুক্ত । আল্লাহ তাআলা এমন ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছেন যে, রাত্রির অন্ধকারেই প্রত্যেক মানুষ ও জন্তুর ঘুম আসে । সমগ্ৰবর্জগত একই সময়ে ঘুমায় । যদি বিভিন্ন লোকের ঘুমের জন্যে বিভিন্ন সময় নির্ধারিত থাকত, তবে জাগ্রতদের হট্টগোলে ঘুমন্তদের ঘুমে ও ব্যাঘাত সৃষ্টি হত ।

أَقِمِ الصَّلَاةَ طَرَفِي النَّهَارِ وَرُفَا مِنَ اللَّيْلِ ۚ إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبُنَ السَّيِّئَاتِ ۚ ذَلِكَ ذِكْرِي لِلذَّكْرَيْنِ

আর আপনি সালাত নামাজ কায়েম করুন

[১] দিনের দু প্রান্ত ভাগে ও রাতের প্রথমাংশে

[২] । নিশ্চয় সৎকাজ অসৎ কাজকে মিটিয়ে দেয়

[৩] । উপদেশ গ্রহণকারীদের জন্য এটা

[৪] এক উপদেশ ।

[১] আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে লক্ষ্য করে তাকে ও তার সমস্ত উম্মতকে নামায কায়েম রাখার নির্দেশ দেয়া হয়েছে। আলোচ্য আয়াতে সালাত দ্বারা উদ্দেশ্য ফরয সালাত।

[কুরতুবী] আর ইকামতে সালাত অর্থ, পূর্ণ পাবন্দীর সাথে নিয়মিতভাবে সালাত সম্পন্ন করা। কোন কোন আলেমের মতে সালাত কায়েম করার অর্থ, সমুদয় সুন্নত ও মুস্তাহাবসহ আদায় করা। কারো মতে এর অর্থ, মুস্তাহাব ওয়াজ্তে নামায পড়া। আবার কারো কারো মতে, জামাতের সাথে আদায় করা। মূলতঃ এটা কোন মতানৈক্য নয়। আলোচ্য সবগুলোই একামতে সালাতের সঠিক মর্মার্থ। সূরা আল-বাকারার ৩ নং আয়াতের ব্যাখ্যায় তার বিস্তারিত আলোচনা চলে গেছে। [২] নামায কায়েম করার নির্দেশ দানের পর সংক্ষিপ্তভাবে নামাযের ওয়াজ্ত বর্ণনা করেছেন যে, “দিনের দু’প্রান্তে অর্থাৎ শুরুতে ও শেষভাগে এবং রাতেরও কিছু অংশে নামায কায়েম করবেন।” দিনের দু’প্রান্তের নামাযের মধ্যে প্রথমভাগের নামায সম্পর্কে সবাই একমত যে, সেটি ফজরের নামায। [তাবারী; বাগতী; কুরতুবী; ইবন কাসীর] কিন্তু শেষ প্রান্তের নামায সম্পর্কে ইবন আব্বাস বলেন তা মাগরিবের নামায। [তাবারী; কুরতুবী; ইবন কাসীর] হাসান বসরি, কাতাদাহ ও দাহহাক আসরের নামাযকেই দিনের শেষ নামায সাব্যস্ত করেছেন। [কুরতুবী ইবন কাসীর] অবশ্য এখানে একটি মত এটাও রয়েছে যে, দিনের দু’প্রান্ত বলে, যোহর ও আসরের সালাত বোঝানো হয়েছে। [কুরতুবী] রাতের কিছু অংশের নামায সম্পর্কে ইবন আব্বাস ও মুজাহিদ বলেন, এটি হচ্ছে, এশার নামায। হাসান বসরী, মুজাহিদ, মুহাম্মদ ইবনে কা’ব, কাতাদাহ, যাহহাক প্রমুখ তফসীরকারকদের অভিমত হচ্ছে যে, সেটি মাগরিব ও এশার নামায। [ইবন কাসীর] অতএব এ আয়াতে চার ওয়াজ্ত নামাযের বর্ণনা পাওয়া গেল। অবশিষ্ট রইল যোহরের নামায। এ ব্যাপারে ইবন কাসীর বলেন, এটি পাঁচ ওয়াজ্ত সালাত ফরয হওয়ার আগের নির্দেশ। আর তখন দু’ওয়াজ্ত নামাযই ফরয ছিল। সূর্যোদয়ের আগের নামায এবং সূর্যাস্তের আগের নামায। আর রাতের বেলা রাসূল ও উম্মতের উপর কিয়ামুল লাইল করা ফরয ছিল। [ইবন কাসীর] অথবা যোহরের সালাতের ব্যাপারে কুরআনের অন্যত্র যা এসেছে তা থেকে প্রমাণ নেয়া যায়, তা হচ্ছে, “নামায কায়েম কর, যখন সূর্য ঢলে পড়ে।” [সূরা আল-ইসরাঃ ৩৮] [৩] এখানে সালাত কায়েম করার নির্দেশ দানের সাথে সাথে তার উপকারিতাও জানিয়ে দেয়া হয়েছে। ইরশাদ হয়েছে “পুণ্যকাজ অবশ্যই পাপকে মিটিয়ে দেয়”। এখানে পুণ্যকাজ বলতে অধিকাংশ আলেমদের নিকট সালাত বোঝানো হয়েছে। [দেখুন, তাবারী] যদিও সালাত, রোযা, হজ, যাকাত, সদকাহ, সদ্ব্যবহার প্রভৃতি যাবতীয় সৎকাজই উদ্দেশ্য হতে পারে।

[কুরতুবী] তবে নিঃসন্দেহে এর মধ্যে সালাত সর্বাধিক গুরুত্বপূর্ণ ও সর্বাঙ্গে-গণ্য। অনুরূপভাবে পাপকার্যের মধ্যে সগীরা ও কবীরা যাবতীয় গোনাহ শামিল রয়েছে। কিন্তু কুরআন এবং রাসূলের বিভিন্ন হাদীস দ্বারা বুঝা যায় যে, এখানে পাপকার্য দ্বারা সগীরা গোনাহ বুঝানো হয়েছে। এমতাবস্থায় আয়াতের মর্ম হচ্ছে, যাবতীয় নেক কাজ, বিশেষ করে নামায সগীরা গোনাহসমূহ মিটিয়ে দেয়। এ হিসেবে ইমাম কুরতুবী বলেন, আয়াতটি পুণ্যকাজের ব্যাপারে ব্যাপক হলেও গোনাহ ক্ষমা করার ব্যাপারে বিশেষভাবে বিশেষিত। অর্থাৎ সগীরা গোনাহের সাথে সংশ্লিষ্ট। [কুরতুবী] এখানে উল্লেখযোগ্য যে, সৎকাজের দ্বারা পাপ ক্ষমা হয় এ কথা কুরআন ও হাদীসের অন্যান্য স্থানেও বর্ণনা করা হয়েছে। যেমন, আল্লাহ তা'আলা বলেনঃ “তোমরা যদি বড় (কবীরা) গোনাহসমূহ হতে বিরত থাক তাহলে তোমাদের ছোট ছোট (সগীরা) গুনাহগুলি মিটিয়ে দেব”। [সূরা আন-নিসাঃ ৩১] অন্য এক হাদীসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ‘পাঁচ ওয়াক্ত সালাত, এক জুম'আ পরবর্তী জুম'আ পর্যন্ত এ এবং এক রমযান দ্বারা পরবর্তী রমযান পর্যন্ত মধ্যবর্তী যাবতীয় সগীরা গোনাহসমূহ মিটিয়ে দেয়া হয়, যদি সে ব্যক্তি কবীরা গোনাহ হতে বিরত থাকে।’ [মুসলিমঃ ২৩৩] অর্থাৎ কবীরা গোনাহ তওবা ছাড়া মাফ হয় না, কিন্তু সগীরা গোনাহ নামায, রোজা, দান-সাদকাহ ইত্যাদি পুণ্যকর্ম করার ফলে আপনা-আপনিও মাফ হয়ে যায়। মোটকথা, আলোচ্য আয়াতের মাধ্যমে প্রমাণিত হল যে, নেক কাজ করার ফলেও অনেক গোনাহ মাফ হয়ে যায়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন যে, “তোমাদের থেকে কোন মন্দ কাজ হলে পরে সাথে সাথে নেক কাজ কর, তাহলে উহার ক্ষতিপূরণ হয়ে যাবে।” [তিরমিযীঃ ১৯৮৭, মুস্তাদরাকে হাকেমঃ ১৭৮] অন্য হাদীসে এসেছে, আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেনঃ “কোন এক ব্যক্তি জনৈক মহিলাকে চুমু দিয়ে ফেলল। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে এ কথা উল্লেখ করলো। তখন তার এ ঘটনা উপলক্ষে উক্ত আয়াত নাযিল করা হলো। অর্থাৎ আপনি সালাত কায়েম করুন দিনের দু প্রান্তভাগে ও রাতের প্রথমার্শে। সৎকাজ অবশ্যই অসৎকাজ মিটিয়ে দেয়। যারা উপদেশ গ্রহণ করে, এটা তাদের জন্য এক উপদেশ”। তখন লোকটি জিজ্ঞেস করলো হে আল্লাহর রাসূল! এ হুকুম কি কেবল আমার জন্য, না সকলের জন্য? তিনি বললেনঃ আমার উম্মতের যে কেউ নেক আমল করবে, এ হুকুম তারই জন্য”। [বুখারীঃ ৪৬৮৭] অন্য হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “তোমাদের কারো বাড়ীর সামনে যদি কোন নদী থাকে আর দৈনিক পাঁচবার তাতে গোসল করা হয় তাহলে তার কি কোন ময়লা বাকী থাকবে?” সাহাবায়ে কেরাম বললেনঃ “তার কোন ময়লাই অবশিষ্ট থাকবে না”।

